প্রবিধি অনুবিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি অনুবিভাগের সম্পাদিত কার্যাবলীর মধ্যে রয়েছে সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ভাতা নির্ধারণ/পুনর্বিবেচনা করা। ২০১৬-১৭ অর্থ বছরে এ অনুবিভাগের বিভিন্ন শাখায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর ইনক্রিমেন্ট/সুদের হার ২০১৬-১৭ অর্থবছরের জন্য ১৩.০০%-এ নির্ধারণ
- সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করে শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন
- সরকারি কর্মচারীদের পেনশনের সর্বোচ্চ সীমা নির্ধারণ
- সরকারি কর্মচারীগণের অবসরকালীন সুবিধাদি/প্রাপ্যতা পুনঃনিধারণ
- মন্ত্রণালয়ের সকল Rules & Regulations ওয়েব সাইটে প্রদান
- সম্মানী ভাতা প্রদানে ঘটন-উত্তর অনুমতি প্রদান সম্পর্কিত কাজ
- বাংলাদেশ পুলিশ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অতিথি বক্তাদের সম্মানী এবং প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা নির্ধারণ
- কৃষি গবেষণা সম্মাননা পদক নীতিমালার উপর অর্থ বিভাগের মতামত প্রদান
- বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনী সম্পর্কিত মূল আইনগুলোকে আধুনিক ও যুগোপযোগীকরণের বিষয়ে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সদস্য ও সহায়তাকারী কর্মচারীগণকে সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধীনস্থ অধিদপ্তরের কর্মচারীগণের পেনশনযোগ্য চাকরির ঘাটতিকাল প্রমার্জনে সম্মতি প্রদান
- জাতীয় অধ্যাপকের সম্মানী পুনঃনির্ধারণ
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মামলাসমূহ পরিচালনার নিমিত্ত বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের অনুমোদন
- ২০১৬-১৭ অর্থ বছরের সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়নের সাথে সম্পৃক্ত উপসচিব এবং তদনিম্ন কর্মচারীদের মূলবেতনের সমপরিমাণ সম্মানী প্রদান
- বাংলাদেশ বেতারের শিল্পী সম্মানী পুনঃনির্ধারণ
- বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান শাখা/বার্তা শাখার শিল্পী সম্মানী পুনঃনির্ধারণ
- বাংলাদেশ পর্যটন কর্পোরেশন (বাপক) পরিচালিত ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউটে বৈকালীন/ সান্ধ্যকালীন প্রশিক্ষণ কোর্স এর প্রশিক্ষকদের লেকচার ফি পুনঃনির্ধারণ
- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি'র) পরিচালনা পর্ষদের বহি:পরিচালকদের সম্মানী পুন:নির্ধারণ
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক জাতীয় ফেলোশিপ কর্মসূচির আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ খাত থেকে বৃত্তি প্রদানের হার নির্ধারণ
- শুদ্ধাচার পুরস্কারের জন্য নির্বাচিত কর্মচারীগণকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদানে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন
- বেসরকারি মালিকানাধীন প্রেক্ষাগৃহসমূহের উন্নয়ন, প্রেক্ষাগৃহে ডিজিটাল প্রদর্শন ও সাউন্ড সিস্টেম চালুর জন্য সরকারি অনুদান নীতিমালা, ২০১৫ প্রণয়নে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন
- শারীরিক শিক্ষা কলেজে এমপিএড কোর্সের জন্য বৃত্তির প্রবর্তন এবং বিপিএড কোর্সের বৃত্তির হার পুন:নির্ধারণ
- বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ উদঘাটনে তথ্য প্রদানকারীকে পুরস্কার প্রদান বিধিমালা-২০১৫' প্রণয়নে অর্থ বিভাগের অনাপত্তি জ্ঞাপন
- স্মারক ডাক টিকিট এর তথ্যবহুল ডাটাকার্ড/লিফলেট এর রাইটআপ (লিটারেচার) লেখকের জন্য সম্মানী/পারিতোষিকের হার নির্ধারণ
- সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত ইন্টার্ন চিকিৎসকদের মাসিক ইন্টার্নশীপ ভাতা ১০,০০০.০০ টাকার স্থলে ১৫,০০০.০০ টাকায় পুনঃনির্ধারণ

- জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর আলোকে বাংলাদেশ ব্যাংকের গভর্ণরকে ডোমেষ্টিক এইড এলাউন্স এর প্রাধিকারভুক্ত কর্মচারী হিসেবে গণ্য করে ১ জুলাই, ২০১৬ তারিখ হতে মাসিক ৩,০০০ টাকা হারে ডোমেষ্টিক এইড এলাউন্স নির্ধারণ
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মচারীদের ৬ মাসের অধিক সময়ের কার্যভার ভাতা প্রদান
- বাংলাদেশ ব্যাংক গভর্ণরের আপ্যায়ন ভাতা বিদ্যমান বাৎসরিক সর্বোচ্চ ৩৬,০০০ টাকার স্থলে ৬০,০০০ টাকায় পুনঃনির্ধারণ
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের ইন্টার্ন ডাক্তারদের ইন্টার্নশিপ ভাতা মাসিক ১০,০০০ টাকা থেকে ১৫,০০০ টাকায় পুনঃনির্ধারণ
- সরকারি ইউনানী ও আয়ূর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর ইন্টার্ন চিকিৎসকদের মাসিক ইন্টার্নশিপ ভাতা বিদ্যমান ৫,০০০ টাকার স্থলে ৭,৫০০ টাকা পুনঃনির্ধারণ
- প্রাধিকার প্রাপ্ত পুলিশ সদস্যদের বৎসরে ২ সেটের পরিবর্তে ৩ সেট ইউনিফরমের প্রাধিকার সৃষ্টিতে সম্মতি জ্ঞাপন
- ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসূমহে নিয়োজিত (খন্ডকালীন) পরিছন্নকর্মীদের (ঝাঁড়ুদার) পারিশ্রমিক মাসিক ৫০০ টাকার স্থলে ৩,০০০ টাকা পুনঃনির্ধারণ
- ১০০% পেনশন সমর্পণকারী কর্মচারীদের নববর্ষ ভাতা প্রদান সম্পর্কিত প্রজ্ঞাপন জারি
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়মাধীন আর্মড ফোর্সেস মেডিকেল কলেজে কর্মরত ইন্টার্ন ডাক্তারদের মাসিক ইন্টার্নশিপ মাসিক ভাতা বিদ্যমান ১০,০০০ টাকা থেকে ১৫,০০০ টাকা পুনঃনির্ধারণ
- জাতীয় বেতন স্কেল, ২০১৫ প্রবর্তন হওয়ায় বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর আওতায় সরকারি আবাসনের শ্রেণি বিন্যাস ও প্রাধিকার প্রতিস্থাপনের লক্ষে বিধি-৪ ও বিধি-৫ এর ১ও ২ নং উপবিধি পুনঃনির্ধারণ এবং বিধি-৯ অনুযায়ী অসহায়ী বাসসহান ও সার্কেট হাউস/রেন্ট হাউস এর ভাড়া পুনঃনির্ধারণ
- হিল আনসার সদস্যদের জন্য বিদ্যমান ৫,০০০ টাকা স্থলে ১০,০০০ টাকা হারে বৎসরে ২টি উৎসব ভাতা এবং বিভিন্ন সংস্থায় নিয়োজিত অঙ্গীভূত আনসার সদস্য/সদস্যাদের জন্য প্রতিটি উৎসবে ৩০ দিনের দৈনিক ভাতা অথবা ১০,০০০ টাকা যা কম হয় সে হারে বৎসরে ২টি বিশেষ ভাতা প্রদান
- সরকারি কর্মচারী হাসপাতালের ডরমেটরীর মাসিক ভাড়ার হার নির্ধারণ
- মজুরি বোর্ডের সদস্যদের দৈনিক ভাতার হার নির্ধারণ
- সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের মাসিক ভ্রমণ ভাতা বিদ্যমান ৫০০ টাকা থেকে ৩,০০০ টাকা পুনঃনির্ধারণ
- কক্সবাজার, কুতুবদিয়া এবং সেন্টমার্টিনে অবস্থিত ৩টি বাতিঘরে কর্মরত কর্মচারীদের রেশন ভাতার হার মাসিক ৩০০ টাকা থেকে ১,০০০ টাকা পুনঃনির্ধারণ
- স্বতন্ত্র প্রেসিডেন্ট গার্ডস রেজিমেন্টের ট্যাকটিক্যাল সাপোর্ট টিম (TST) এর সদস্যদের জন্য ক্লথ টিসি কম্ব্যাট প্রিন্টেড (৬৫% পলিয়েস্টার এবং ৩৫% কটন) কাপড়ের প্রাধিকার বৃদ্ধিকরণ
- সাবমেরিন ক্রুদের জন্য বস্ত্র সামগ্রী বাংলাদেশ নৌবাহিনী পোশাক বিধিমালা ২০০৭ এবং এফ.ও-১৫/৮৩ তে সংযোজন
- জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে সশস্ত্র বাহিনীর জেসিও ও সার্জেন্টগণের বেতন নির্ধারণের জটিলতা নিরসন
- সশস্ত্র বাহিনীর সদস্যদের ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা এবং সড়ক পথে কিলোমিটার ভিত্তিক পথ ভাড়া ভাতা ইত্যাদি পুনঃনির্ধারণ
- অনারারী লেফটেন্যান্ট ও অনারারী ক্যাপ্টেন-এর জন্য নির্ধারিত কোটার সংখ্যা বৃদ্ধি
- সশস্ত্র বাহিনীর অফিসারগণের জন্য পোশাক ও অত্যাবশ্যকীয় দ্রব্য সামগ্রীর প্রাধিকার সংক্রান্ত জেএসআই ৩/৮৭ এবং ৫/২০১১ সংশোধন/সংযোজন/বিয়োজন
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত সশস্ত্র বাহিনীর সদস্যদের বৈদেশিক ভাতার নীতিমালা সংশোধন
- বাংলাদেশ বিমান বাহিনীর শিক্ষা শাখার বিশেষ স্বল্প মেয়াদি কমিশন (Special purpose short service commission) পদে নিয়োগ সংক্রান্ত বিমান বাহিনী নির্দেশিকা (এএফআই) অনুমোদন।